কুষ্টিয়ায় পাসপোর্ট করতে এসে গ্রেপ্তার রোহিঙ্গা যুবক

কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিসে মোঃ সবুজ নামে নামে এক রোহিঙ্গা যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। তথ্য গোপন করে পাসপোর্ট করার চেষ্টার অপরাধে তাকে গ্রেপ্তার করা হয়।

বুধবার (২২ নভেম্বর) দুপুরে কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিস থেকে তাকে আটক করে পুলিশে সোপর্দ করা হয়।

জানা যায়, কুষ্টিয়া পৌলসভার ১৬ নং ওয়ার্ড (ঢাকা ঝালুপাড়া) ঠিকানা ব্যবহার করে পাসপোর্ট করতে আসা মোঃ সবুজ নামে এক রোহিঙ্গাকে কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিস থেকে আটক করা হয়েছে। আটককৃত মোঃ সবুজ, তার পিতার নাম মোঃ খেদের আলী ও মাতা মরিয়ম বেগম লিখেছেন এবং সেইসাথে কুষ্টিয়ার পৌর ১৬নং ওয়ার্ড কাউন্সিলর আবু জাহিদ সঞ্জুর সুপারিশক্রমে পৌরসভা থেকে নাগরিক সনদ প্রদান হয়।

কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিসের সহকারী পরিচালক সাজ্জাদ হোসেন বলেন, বুধবার সোয়া ১টার দিকে সবুজ আবেদন পত্র জমা দেন। আবেদনপত্রের সঙ্গে নিজের ভোটার আইডি কার্ড, নাগরিক সনদ দাখিল করেন। পরে পাসপোর্ট অফিসের কর্মকতা হাসান আলীর আবেদনকারীকে সন্দেহ হয়। এরপরই তদন্তের মাধ্যমে সনাক্ত করে তাত্ক্ষণিক রোহিঙ্গা ব্যক্তিকে গ্রেফতার করা হয়।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোহেল রানা বিষয়টি নিশ্চিত করেছেন।